উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থিত প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৮/১২/২০২১ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে জনাব মোঃ আকবর হোসেন হিরো, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভাপতিত্বে স্বাস্থ্য বিধি ও সামাজিক দুরত্ব বজায় রেখে ডিসেম্বর'২০২১ খ্রিঃ-এর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি ঃ

১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

21.12.21
(অমিত চক্রবর্ত্তী)
মুখ্য নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৪.০৫৯.২১-১০২৩

তারিখ ঃ ০৬ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
২১ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
০২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। ..............................................................
চর রাজিবপুর, কুড়িগ্রাম ।
০৯। অফিস কপি।

21.12.21
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম

# উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর ডিসেম্বর'২০২১ খ্রিঃ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ জনাব মোঃ আকবর হোসেন হিরো
উপজেলা পরিষদ চেয়ারম্যান
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ২৮ ডিসেম্বর ২০২১ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১১.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত নভেম্বর'২০২১ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় নভেম্বর'২০২১ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। আগামী কোরবানী ঈদে সরবরাহের নিমিত্তে খামারীগণ কর্তৃক গরু মোটাতাজাকরণ কার্যক্রম চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২১-২০২২ অর্থ বছরে রবি প্রনোদনা কর্মসূচির আওতায় ২010 জন কৃষকের মাঝে বিভিন্ন ফসলের যেমন সরিষা-৬০০ জন, ভূট্টা-৪০০ জন, গম-৪০০ জন, চিনামবাদাম-১৫০ জন খেসারী ২০০ জন, মসুর-৬০ জন, পেঁয়াজ-৫০ জন এবং সূর্যমূখী-৫০ জন কৃষকের মাঝে বীজ ও সার বিতরণ করা হয়েছে। সান সম্পন্ন বী ও আগ্রহী কৃষক না পাওয়ায় সূর্যমূখী ফসলের ৫০ জন কৃষকের মাঝে বীজ ও সার বিতরণ করা যায় নি। মুগ ফসলের বীজ না পাওয়ায় বীজ ও সার বিতরণ করা হয়নি। তবে বিএডিসি বীজ সরবরাহ করা হলে তা দ্রুত বিতরণ করা হবে।<br>বোরো হাইব্রিড বীজ বিতরণ কর্মসূচির আওতায় ১২০০ জন কৃষকের মাঝে ২কেজি হারে হাইব্রিড বোরো ধানের বীজ বিতরণ এবং ৮০০ জন কৃষকের মাঝে উফশী বোরো ধানের বীজ ও সার বিতরণ করা হয়েছে। সারের সার্বিক পরিস্থিতি বজায় রাখতে সারের খুচরা দোকান, বিএডিসি ও বিসিআইসি ডিলারগণের দোকানে মোবাইল কোর্ট পরিচালনা করার নির্দেশনা পাওয়া গেছে। সারের পরিস্থিতি তদারকি জোরদার করণে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য প্রস্তাব প্রেরণ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা মৎস্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মৎস্য অফিসার'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর |
| ০৪ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। উপজেলা পরিষদের বাসাবাড়ীর বরাদ্দ যাচাই ও ভাড়া আদায়ের কার্যক্রম চলমান।<br>তিনি আরও জানান উপজেলা পরিষদের রাজস্ব খাত হতে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন করা প্রয়োজন।<br>০১। উপজেলা পরিষদের ০৬ নং কোয়ার্টার মেরামত ও রং করণ-=২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদের রাজস্ব খাত হতে =২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা ব্যয় করে উপজেলা পরিষদের ০৬ নং কোয়ার্টার মেরামত ও রং করণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চলতি অর্থ বছরের আওতায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পে ৪টি পাবলিক টয়লেট, ৪টি কমিউনিটি ল্যাট্রিন, ৩৮টি কমিউনিটি বেইসড ওয়াটার সাপ্লাই এর মাধ্যমে পানির উৎস স্থাপন করা হবে | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর |
| ০৬ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা স্বাস্থ্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম |
| ০৮ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চলতি মৌসুমে অসহায় দুঃস্থ ও গরীব জনগনের মাঝে বিনামূল্যে বিতরণের লক্ষ্যে ১ম দফায় বরাদ্দকৃত ১৪০৫ টি কম্বল ইউনিয়ন ওয়ারী বিভাজন করে দেওয়া হয়েছে। তাছাড়া শীতবস্ত্র ক্রয়ের লক্ষ্যে ৮,৪৭,২৯২/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত অর্থ দিয়ে কোটেশনের মাধ্যমে কম্বল ক্রয় প্রক্রিয়াধীন রয়েছে।<br>২০২১-২২ অর্থ বছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি ইজিপিপি ১ম পর্যায় বরাদ্দপ্রাপ্ত উপকারভোগীর সংখ্যা ১২০১ জন। গত অর্থ বছরে ছিল ১৩৪৩ জন। এ বছর কমেছে ১৪২ জন। বর্তমানে ইউনিয়ন ওয়ারী বিভাজন-(১) রাজিবপুর-৪৫২ জন (২) কোদালকাটি-২৫৬ জন (৩) মোহনগঞ্জ -৪৯৩ জন।<br>শর্তাবলী ঃ উপকারভোগীর মজরী জি২পি পদ্ধতিতে পরিশোধ করা হবে। সেক্ষেত্রে প্রত্যেক উপকারভোগীর তার জাতীয় পরিচয় পত্রের নম্বর দিয়ে সীম ক্রয় পূর্বক মোবাইল একাউন্ট থাকতে হবে। দৈনিক মজুরী হবে ৪০০/- টাকা।<br>২০২১-২২ অর্থ বছরে অসচ্ছল বীর মুক্তিযোদ্ধার জন্য আবাসন নির্মাণ প্রকল্প (বীর নিবাস নির্মাণ) প্রকল্পে অত্র উপজেলা ১২টি বাড়ী নির্মানের জন্য দরপত্র আহবান করা হয়েছে। দরপত্র বিক্রির শেষ তারিখ ৩০ ডিসেম্বর/২০২১ | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |



চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত এবং দরপত্র গ্রহণের তারিখ ০২/০১/২০২২ খ্রিঃ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত। ২০২১-২২ অর্থ বছরে টি.আর সাধারণ ১ম পর্যায় উন্নয়ন খাতে ২০,৬১,০৩৯/- বিপরীতে ২১টি প্রকল্প, কাবিটা সাধারণ ১ম পর্যায় উন্নয়ন খাতে ৩১,৯৫,৯১৭/- টাকার বিপরীতে ১৭টি প্রকল্প, কাবিখা চাল ৬৭.৬২৪৬ মে.টনের বিপরীতে ০৯ টি প্রকল্প এবং ৬৭.৬২৪৬ মে.টন গমের বিপরীতে ১০টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। কাবিখা/কাবিটা বাস্তবায়নের সময়সীমা ৩১ ডিসেম্বর ২০২১ খ্রিঃ এবং টি.আর বাস্তবায়নের সময়সীমা ৩১ জানুয়ারী ২০২২ খ্রিঃ | | |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা সমাাজসেবা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা সমাজসেবা অফিসার'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকতা, চর রাজিবপুর |
| ১০ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান নতুন বছরের নতুন বই বিতরণ ক্লাস্টার পর্যায়ে চলমান রয়েছে। আগামী মাসের ১ম সপ্তাহেই বিদ্যালয় পর্যায়ে বিতরণ শেষ হবে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২১-২২ অর্থ বছরে ০৬ ব্যাচ মোট (৬×৩০)=১৮০ জন। যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণের জন্য বরাদ্দ আছে। তন্মধ্যে ০৪ ব্যাচ (৩০×৪)=১২০ জন ( ৫৮ জন পুরুষ এবং ৬২ জন মহিলা) কে প্রশিক্ষণ দেয়া হয়েছে। বাকী ০২টি ব্যাচ (৩০×২)=৬০ জনকে আগামী মাসে প্রশিক্ষণ দেয়া হবে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, পল্লী উন্নয়ন বোর্ড, রাজিবপুর উপজেলা দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। ঋণ বিতরণ ও আদায় অব্যাহত রয়েছে। উদকনিক প্রকল্পের ২২তম ব্যাচের প্রশিক্ষণ শেষ হয়েছে। শীঘ্রই প্রশিক্ষণার্থীদের মাঝে নগদ অর্থ ও প্রশিক্ষণ সামগ্রী বিতরণ করা হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৫ | পরিবেশ ও বন বিভাগ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২১ সালের এসএসসি/দাখিল এবং এইচএসসি/আলিম পরীক্ষা সুষ্ঠুভাবে সমাপ্ত হয়েছে। আগামী ৩০ ডিসেম্বর থেকে ডিগ্রী পরীক্ষা শুরু হবে। বিনামল্যের পাঠ্যপুস্তক ৬০% পাওয়া গেছে। শিক্ষাপ্রতিষ্ঠানে পৌছানো শুরু করা হয়েছে। তবে ১জানুয়াররী আনুষ্ঠানিকতায় বই উৎসব হবে না। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | শীতকালীন খেলাধুলা আগামী জানুয়ারী মাসের শুরু করতে হবে। শিক্ষার্থীদের (১২-২৭) বছরের) করোনা টিকা দেয়ার জন্য স্বাস্থ্য কর্মকর্তার পরামর্শ মোতাবেক ব্যবস্থা নিতে বলা হয়েছে। বিজ্ঞান মেলা আয়োজন করার জন্য নির্দেশনা এসেছে। সুবিধাজনক সময়ে মেলা আয়োজন করতে বলা হয়েছে। | | |
| ১৭ | **পরিষদের রাজস্ব তহবিল** | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ডিসেম্বর/২০২১ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের ডিসেম্বর/২০২১ মাসের সম্মানী =৯৯,০০০/- (নিরানব্বই) হাজার টাকা।<br>০২। (ক) ডিসেম্বর/২০২১ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০৩। ডিসেম্বর/২০২১ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, এ্যারোসল, হারপিক, কলম ও বড় খাকী খাম ইত্যাদি) ক্রয় বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৪। ডিসেম্বর/২০২১ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয়-১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৫। ডিসেম্বর/২০২১ মাসে ০১(এক) জন মালি'র দৈনিক মজুরী (৫০০×২১ দিন) =১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা।<br>০৬। ডিসেম্বর/২০২১ মাসের ০১(এক) জন সুইপারের দৈনিক মজুরী (৫০০×২১ দিন) =১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা।<br>০৭। উপজেলা পরিষদের জীপ গাড়ি জ্বালানী (অক্টোবর/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত) ব্যয় =৭১,৮০০/- (একাত্তর হাজার আটশত) টাকা।<br>০৮। ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস/২০২১ উদযাপন উপলক্ষ্যে ব্যয় =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।<br>০৯। ক্লোজ সার্কিট ক্যামেরা (সিসি ক্যামেরা) ক্রয়=৬০,০০০/- (ষাট হাজার) টাকা।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ১৬/০৮/২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২১-৪৫৪ নং স্মারকের বরাদ্দ পত্র মোতাবেক ২০২১-২২ অর্থ বছরে করোনা ভাইরাস(কোভিড-১৯) বিস্তার রোধকল্পে প্রতিরোধমূলক কার্যক্রম বাস্তবায়নে বিনামূল্যে বিতরণের জন্য নিম্ন বর্ণিতভাবে সুরক্ষা সামগ্রী ক্রয় করা প্রয়োজন।<br>(০১) মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও এন্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি সুরক্ষা সামগ্রী ক্রয় =৮৩,৫০০/- (তিরাশি হাজার | ০১। ডিসেম্বর/২০২১ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। ২০২১-২২ অর্থ বছরে করোনা ভাইরাস(কোভিড-১৯) বিস্তার রোধকল্পে প্রতিরোধমূলক কার্যক্রম বাস্তবায়নে বিনামূল্যে বিতরণের জন্য- মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও এন্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি সুরক্ষা সামগ্রী ক্রয়/সরবরাহ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান,চর রাজিবপুর<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পাঁচশত) টাকা। (০২) মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও এন্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি সুরক্ষা সামগ্রী ক্রয় =৮৩,৫০০/- (তিরাশি হাজার পাঁচশত) টাকা। এ বিষয়ে সভায় আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৮ | বিবিধ | | | |
| ১৮ (১) | উপজেলা খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান সভায় উপস্থিত না থাকায় উপজেলা খাদ্য অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক'কে আগামী সভায় উপস্থত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর |
| ১৮ (২) | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় উপস্থিত না থাকায় উপজেলা রিসোর্স সেন্টার সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৩) | রাজিবপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় জানান রাজিবপুর ইউনিয়ন পরিষদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান রাজিবপুর ইউনিয়নের আওতায় সকল পাকা এবং কাঁচা রাস্তাগুলি মেরামত করা প্রয়োজন। অত্র ইউনিয়নের টাঙ্গালিয়া পাড়া খাজার বাড়ীর পশ্চিম পার্শ্বে এক কাঠের ব্রীজ করা প্রয়োজন। শিবেরডাঙ্গী বাজারের পূর্বদিকে পাকার মাথা থেকে শিবেরডাঙ্গী উচ্চ বিদ্যালয় পর্যন্ত রাস্তা পাকা করা প্রয়োজন। দক্ষিণ মরিচাকান্দি পাকা রাস্তা থেকে দক্ষিণ দিকে হাজী ছয়েনুদ্দিনের বাড়ীর সামন হইয়া চর রাজিবপুর দাখিল মাদ্রাসা পর্যন্ত রাস্তা পাকা করণ।<br>বালিয়ামারী ব্যাপারী পাড়া চৌরাস্তা মোড় হতে পূর্বদিকে বর্ডার হাট পর্যন্ত রাস্তা পাকা করা প্রয়োজন। মরিচাকান্দি উজির হোসেনের বাড়ীর রাস্তা থেকে তফিজ মেম্বারের বাড়ী হইয়া পুর্বদিকে রাস্তা পাকা করণ। শিবেরডাঙ্গী মোকছেদ মিলারের বাড়ীর পার্শ্বে পূর্ব দিকে পানি উন্নয়ন বোর্ডের রাস্তা পর্যন্ত রাস্তা পাকা করা প্রয়োজন।<br>টাঙ্গালিয়া পাড়া হাফিজিয়া মাদ্রাসার পার্শ্ব হতে দক্ষিণ দিকে সিরাজদৌলার বাড়ী পর্যন্ত রাস্তা পাকা করণ। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৪) | কোদালকাটি ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি সভায় উপস্থিত না থাকায় কোদালকাটি ইউনিয়নের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৫) | মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ | প্যানেল চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৬) | রাজিবপুর থানা | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা সভায় জানান রাজিবপুর থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। | পুলিশ টহল বৃদ্ধিসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | ঢুষমারা থানা | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা সভায় উপস্থিত না থাকায় ঢুষমারা থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা |
| ১৮ (৮) | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় না থাকায় নির্বাচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | উপজেলা নির্বাচন কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ (৯) | হিসাবরক্ষণ অফিস | উপজেলা হিসাবরক্ষণ অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১০) | আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় আনসার ও ভিডিপি দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১১) | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্রাফিসের ছাদ দিয়ে পানি ঝড়ে। অফিসের গুরুত্বপূর্ণ নথিপত্র, আসবাবপত্র ও কম্পিউটার সামগ্রী নষ্ট হয়ে যাচ্ছে। এছাড়াও ছাদের আস্তরণ খসে পড়ছে। উপজেলা পরিষদের একটি কক্ষ বরাদ্দ দেয়ার জন্য অনুরোধ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১২) | পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে।<br>আমার বাড়ি আমার প্রকল্পের নিরাপত্তা প্রহরী নিয়মিত ডিউটি করেন কিনা এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় জানতে চাইলে ব্যবস্থাপক জানান তাকে দিয়ে দিনের বেলায় ডিউটি করানো হয়। এছাড়া সভার মাঝ অশোভনীয় আচরণ করেন। যাহা কাম্য নয়। এ বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃস্টি আকর্ষন করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প |
| ১৮(১৩) | দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চলতি মাসে সদস্য ভর্তি ১১ জন, সঞ্চয় আদায় ৩.৪৬ লক্ষ টাকা, ঋণ বিতরণ ২৯.০০ লক্ষ টাকা, ঋণ আদায় ২৬.০০ লক্ষ টাকা। আদায় হার ৯৪%। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৪) | তথ্য আপা ঃ (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। প্রাথমিক স্বাস্থ্য সেবা ও উঠান বৈঠক চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |
| ১৮(১৫) | পল্লী বিদ্যুৎ সমিতি | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুৎ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |
| ১৮(১৬) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা) | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা সভায় উপস্থিত না থাকায় আইসিটি শাখা সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, চর রাজিবপুর |
| ১৮(১৭) | বিজিবি | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি সভায় উপস্থিত না থাকায় সীমান্ত পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | সীমান্ত পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সার্বক্ষণিক টহল বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিজিবি, চর বাজিবপুর |
| ১৮(১৮) | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য সভায় উপস্থিত না থাকায় তার বক্তব্য সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১৯) | মহিলা ভাইস চেয়ারম্যান | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবহিদিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

চলমান পাতা-৭

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮(২০) | ভাইস চেয়ারম্যান | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবহিদিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও জানান যে, ১নং রাজিবপুর ইউনিয়ন পরিষদের ২২/১২/২০২১ তারিখের ৪২০ নং স্মারক মোতাবেক একজন মহল্লাদারের পদ শুন্য ঘোষনা করে পত্র দাখিল করেছেন। সভার সিদ্ধান্ত মোতাবেক রাজিবপুর ইউনিয়ন পরিষদ পরিষদের মহল্লাদারের শুন্য পদ পুরণের নিমিত্তে সরকারী বিধি মোতাবেক নিয়োগ প্রদান করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ বিধি মোতাবেক বিজ্ঞপ্তি প্রকাশ পূর্বক রাজিবপুর ইউনিয়ন পরিষদের মহল্লাদারের শুন্য পদে জনবল নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১২/২১

(মোঃ আকবর হোসেন হিরো)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২
ই-মেইল ঃ chairmanUZPrajibpur@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২০-১০৪৫

তারিখ ঃ ১৩ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ / ২৮ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ (উপজেলা শাখা), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৭। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
৮। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৯। অফিস কপি।

২৮/১২/২০২১

(অমিত চক্রবর্তী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd